সর্বোচ্চ ২৮.২°
সর্বনিম্ন ১২.০°
আলিপুরদুয়ার
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৪৩ শতাংশ
বুধবারের পূর্বাভাস ঃ *পরিষ্কার আকাশ।*

আমার জেলা আলিপুরদুয়ার
উত্তরবঙ্গ সংবাদ ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তেরো

ধর্মীয় পর্যটন সার্কিটে জয়ন্তী মহাকালকে যুক্ত করার দাবি

সুমন কাঞ্জিলাল

আলিপুরদুয়ার, ১৩ ফেব্রুয়ারি ঃ উত্তরবঙ্গের ধর্মীয় পর্যটন সার্কিটে জয়ন্তী মহাকালকে যুক্ত করার দাবি উঠল। শিবরাত্রি উপলক্ষ্যে জয়ন্তী মহাকাল পাহাড়ে আসা অসংখ্য ভক্ত এবং বিভিন্ন ধর্মীয় ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের তরফেই এই দাবি উঠেছে। আলিপুরদুয়ার জেলাপরিষদের সভাধিপতি মোহন শর্মাও ভারত এবং ভুটান এই দুই দেশের সীমানায় অবস্থিত জয়ন্তী মহাকাল পাহাড় এবং শিবমন্দিরকে কেন্দ্র করে আন্তর্জাতিক ধর্মীয় পর্যটন সার্কিট গড়ে তোলা যায় বলে মনে করেন। যদিও এই দাবি কতটা কার্যকর হবে তা নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন ওয়াকিবহাল মহলের একাংশ। তাঁদের মতে, ভারত-ভুটান সীমান্তবর্তী এই এলাকা বক্সা টাইগার রিজার্ভের অন্তর্গত হওয়ায় এই অঞ্চলটিকে ধর্মীয় পর্যটন সার্কিটের অন্তর্ভুক্ত করা সম্ভব কিনা তা নিয়ে সন্দেহ রয়েছে। যদিও রাজ্যের পর্যটনমন্ত্রী গৌতম দেব বলেন, 'উত্তরবঙ্গের ধর্মীয় পর্যটন সার্কিটে আমরা জয়ন্তী মহাকালকে যুক্ত করার কথা ভাবছি। বন দপ্তরের অনুমতি নিয়ে কীভাবে এই পরিকল্পনা সফল করা যায় তা নিয়েও ভাবনাচিন্তা চলছে।'

উল্লেখ্য, উত্তরবঙ্গের ধর্মীয় ও পুরাতাত্ত্বিক স্থানগুলিকে নিয়ে চলতি বছরেই একটি নতুন পর্যটন সার্কিট করার কথা ইতিমধ্যেই পর্যটনমন্ত্রী গৌতম দেব ঘোষণা করেছেন। পর্যটকদের মধ্যে একটা বড়ো অংশ ধর্মীয় স্থানগুলিকে পছন্দ করেন। তাই উত্তরবঙ্গের কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, শিলিগুড়ি, দক্ষিণ ও উত্তর দিনাজপুর এবং মালদা জেলার পুরাতাত্ত্বিক নির্দশনের মধ্যে বিশেষত ধর্মীয় স্থানগুলিকে এই সার্কিটের আওতায় আনার কথা বলেছে রাজ্য পর্যটন দপ্তর। রাজ্য পর্যটন দপ্তরের প্রস্তাবিত এই ধর্মীয় ও পুরাতাত্ত্বিক সার্কিটে জয়ন্তী মহাকাল শিবমন্দির গুরুত্ব পেলেও কীভাবে তা বাস্তবায়িত হবে তা নিয়ে অনেক মহল থেকেই সন্দেহ প্রকাশ করা হয়েছিল। বুধবার শিবরাত্রিকে কেন্দ্র করে এই অঞ্চলটি যাতে ধর্মীয় পর্যটন সার্কিটে যুক্ত হয় তা নিয়ে সরব হয়ে উঠেছে সাধারণ মানুষ থেকে শুরু করে বিভিন্ন স্বেচ্ছাসেবী ও ধর্মীয় সংগঠন। সমতল থেকে প্রায় আড়াই হাজার ফুট উচ্চতায় জয়ন্তী মহাকাল পাহাড়ে সম্পূর্ণ প্রাকৃতিকভাবে গড়ে উঠেছে শিবলিঙ্গ ও গুহা। পুরাতাত্ত্বিকদের মধ্যে প্রায় হাজার বছরের পুরোনো এই গুহা। কথিত আছে পরিব্রাজক হিউয়েন সাং তিব্বত-ভুটান হয়ে ভারতে আসার সময় মহাকাল মন্দিরের এই প্রাকৃতিক গুহাটি আবিষ্কার করেন। ভুটানের সীমানায় অবস্থিত এই মহাকাল পাহাড়ের প্রাকৃতিক গুহায় শিবলিঙ্গতে ফুল, বেলপাতা, দুধ দিয়ে পুজো দেওয়ার জন্য প্রতি বছর দেশের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার ভক্ত এখানে সমবেত হন। আলিপুরদুয়ারের কালচিনি ব্লকের জয়ন্তী থেকে হাঁটাপথে ভক্তরা শিবের পুজো দেওয়ার জন্য যাত্রা শুরু করেন। জয়ন্তী নদী পেরিয়ে অনেকটা পথ এগোলে পড়ে ছোটো মহাকাল। সেখানে থেকে দুর্গম পাহাড়ে রাস্তা পেরিয়ে উঠতে হয় মহাকাল পাহাড়ে। পথে যেতে পড়ে পাহাড়ি খরস্রোতা ঝোরা। দুর্গম এই পাহাড়ি রাস্তায় ভক্তদের সুবিধার জন্য ছোটো মহাকালে বিন্যাস শিবিরের আয়োজন করা হয়। কালচিনির শিবশক্তি সেবা মণ্ডলের উদ্যোগে অনুষ্ঠিত হয় বিশেষ ভাণ্ডারা। এখানে সংস্থার পক্ষ থেকে ভক্তদের রাত্রিবাসের ব্যবস্থা করা হয়। পুরুষ ও মহিলাদের জন্য রয়েছে আলাদা ব্যবস্থা। সংগঠনের পক্ষে তিলক শর্মা বলেন, 'বুধবার সকালে ছোটো মহাকালে উদ্‌বোধন হবে। আলিপুরদুয়ারের জেলাশাসক দেবীপ্রসাদ করনম, জেলাপরিষদের সভাধিপতি মোহন শর্মা উপস্থিত থাকবেন। ভুটানের প্রশাসকরাও উদ্‌বোধন অনুষ্ঠানে আসবেন।'

লক্ষ্য মহাকাল পাহাড়। রওনা দিয়েছেন পুণ্যার্থীরা। ছবি ঃ আয়ুষ্মান চক্রবর্তী

ইন্দো-ভুটান ফ্রেন্ডশিপ অ্যাসোসিয়েশনের সম্পাদক রাজ বসু বলেন, ' ভারত-ভুটান সীমান্তে মহাকাল পাহাড়ে শিবরাত্রিকে কেন্দ্র করে দু-দেশের প্রশাসন সহযোগিতার হাত বাড়িয়ে দেয়।'এদিকে, মঙ্গলবার বিকেল থেকে অসংখ্য ভক্ত জয়ন্তীতে পৌঁছে গিয়েছেন। তাঁদের মধ্যে অনেকে জয়ন্তীতে রাত কাটিয়ে সকালে মহাকাল পাহাড়ের উদ্দেশে রওনা দেবেন। অনেকে আবার রাতেই হাতে মশাল নিয়ে মহাকাল পাহাড়ে যাওয়ার প্রস্তুতি নিতে শুরু করেছেন। গভীর রাতেই 'হরহর মহাদেব' ধ্বনি ছড়িয়ে পড়বে মহাকাল পাহাড়ের আনাচেকানাচে।

ভ্যালেন্টাইনস ডে এবং শিবরাত্রিতে মজেছে নবীনরা

আলিপুরদুয়ার, ১৩ ফেব্রুয়ারি ঃ বুধবার একদিকে ভ্যালেন্টাইনস ডে, অন্যদিকে শিবরাত্রি। এই দুই উৎসবে মজেছেন আলিপুরদুয়ারের যুবক-যুবতিরা। তবে একইদিনে এই দুটি স্পেশাল উৎসব নিয়ে কিছু বিড়ম্বনাও দেখা দিয়েছে। উঠতি ছেলেমেয়েরা কোনটি বেশি প্রাধান্য দিচ্ছেন? শহরের কলেজ পড়ুয়াদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে , সমস্যা হলেও তারা কিন্তু ভ্যালেন্টাইনস ডে ও শিবরাত্রি দুটিকেই সমান গুরুত্ব দিচ্ছেন। মঙ্গলবার থেকেই ভ্যালেন্টাইনস ডের জন্য প্রস্তুতি শুরু করেছেন বহু কলেজ পড়ুয়া। শহরের একাধিক গিফট আইটেমের দোকান সুসজ্জিত করে তোলা হয়েছে। নিজেদের ভালোবাসা উজার করে দিতে স্মার্ট যুবক-যুবতিরা প্যারেড গ্রাউন্ডে ভিড় করছেন। সেইসঙ্গে পাল্লা দিয়ে বাইকে চেপে রাজাভাতখাওয়া, জয়ন্তী ও ডিমা ব্রিজ এলাকায় ছুটছেন তাঁরা। বুধবার এই বিশেষ দিনে হইহুল্লোড় ও আড্ডায় মজে থাকতে চান অনেকেই। বিশেষ এই দিনকে স্মরণীয় করে রাখতে গিফট কেনাকাটাও চলছে বেশ। গোলাপ ফুল থেকে কার্ড- বিভিন্ন গিফট বাজারে পাওয়া যাচ্ছে। সেইসঙ্গে শহরের একাধিক রেস্টুরেন্টগুলিতেও স্পেশাল মেনু থাকছে। এদিকে, এই বিশেষ দিনে শান্তিশৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজনীয় পুলিশি টহলদারিও থাকছে বলে জানা গিয়েছে। কোনো অপ্রীতিকর ঘটনা রুখতে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে।

আলিপুরদুয়ার কলেজের পড়ুয়া সৌভিক ঝা জানান, ভ্যালেন্টাইনস ডে ও শিবরাত্রি একই দিনে পড়েছে। পড়ুয়ারা ঠিক সময় বের করে দুটিই পালন করবেন। অনেকেই ভ্যালেন্টাইনস ডে পালন করতে গিফট কিনেছেন। আবার অনেকেই শিবরাত্রির প্রস্তুতিও নিচ্ছেন। আমরাও বন্ধুদের সঙ্গে শিবের মাথায় জল ঢালার প্রস্তুতি নিচ্ছি। শহরের নাট্যকর্মী পরিতোষ সাহা জানান, আগে ভ্যালেন্টাইনস ডে বলে আলাদা একটি দিনের কথা অনেকেই জানতেন না। নতুন প্রজন্মের ছেলেমেয়েরা এটা তুলে ধরেছে। তবে শিবরাত্রি নিয়েও নতুন প্রজন্মের মধ্যে ততটাই আগ্রহ রয়েছে। এবার একই দিনে দুটি উৎসব পালন করবেন অনেকেই। তেমন কোনো সমস্যা হবে না। নতুন প্রজন্মের মধ্যে আগ্রহ উৎসাহ লক্ষ করা যাচ্ছে। শহরের নিউটাউন এলাকার এক রেস্টুরেন্ট ব্যবসায়ী সুমন সেনগুপ্ত জানান, একই দিনে দুটি বিশেষ উৎসব রয়েছে। তবে আমরা ভ্যালেন্টাইনস ডে উপলক্ষ্যে বিশেষ মেনুর আয়োজন রাখছি। স্পেশাল বিরিয়ানি সহ একাধিক আইটেম থাকছে।



ভ্যালেন্টাইনস ডে উপলক্ষ্যে সাজানো হয়েছে দোকান।
ছবি ঃ কঙ্কণ দাস

দুই গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

রাঙ্গালিবাজনা, ১৩ ফেব্রুয়ারি ঃ একাধিক সরকারি কাজে দুর্নীতির অভিযোগ তুলে মাদারিহাট-বীরপাড়া ব্লকের তৃণমূল পরিচালিত শিশুঝুমরা গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের সামনে মঙ্গলবার বিক্ষোভ দেখালেন বিজেপি কর্মীরা। বিজেপির পক্ষ থেকে একাধিক দুর্নীতির অভিযোগ তোলা হয়েছে ওই ব্লকেরই তৃণমূল পরিচালিত খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধেও। একের পর এক ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে নালিশ জানিয়েও লাভ হয়নি বলে অভিযোগ বিজেপির। তাই খয়েরবাড়ির কয়েকটি উন্নয়নমূলক কাজে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ দিল্লি থেকে আসা ন্যাশনাল লেভেল মনিটরিং টিমের সদস্যদের হাতে লিখিতভাবে তুলে দিয়েছেন বিজেপি নেতৃত্ব। বিজেপির আলিপুরদুয়ার জেলা সহসভাপতি নেপাল রায় বলেন, 'কেন্দ্রীয় দলটির হাতে প্রয়োজনীয় কাগজপত্র তুলে দেওয়ার পাশাপাশি মৌখিকভাবেও অভিযোগগুলি জানানো হয়েছে।'

প্রসঙ্গত, রাস্তা থেকে শুরু করে ইন্দিরা আবাস এমনকি নলকূপ বিলি নিয়েও বারেবারে দুর্নীতির অভিযোগ উঠেছে মাদারিহাটের খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে। সম্প্রতি, দক্ষিণ খয়েরবাড়ির নিশা কার্জি নামে জনৈক ব্যক্তি প্রশাসনকে লিখিত অভিযোগপত্রে জানান, তাঁর নামে মঞ্জুর হওয়া পুকুর খোঁড়াই হয়নি। অথচ সব টাকা তুলে নেওয়া হয়েছে গ্রাম পঞ্চায়েতের সদস্যা ও গ্রাম পঞ্চায়েত কর্মীদের যোগসাজশে। মুন্সীপাড়ার বাসিন্দারা তাঁদের এলাকায় রাস্তার কাজ না করেই টাকা তুলে নেওয়ার লিখিত অভিযোগ দায়ের করেছেন জেলা প্রশাসনের কাছে। তবে দুটি ক্ষেত্রেই অভিযুক্ত দুই গ্রাম পঞ্চায়েত সদস্যা তাঁদের বিরুদ্ধে তোলা অভিযোগ উড়িয়ে দিয়েছেন। বিজেপি নেতা নেপাল রায় কেন্দ্রীয় দলের কাছে লিখিতভাবে অভিযোগ করেছেন, খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের দুর্নীতির শিকড় রয়েছে অনেক গভীরে। সেকারণেই খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে বারে বারে অভিযোগ দায়ের করা হলেও দুর্নীতিগ্রস্তরা ধরাছোঁয়ার বাইরেই থাকেন বলে মন্তব্য তাঁর। প্রসঙ্গত, খয়েরবাড়ির নিশা কার্জির পুকুর নিয়ে তোলা অভিযোগের খবর সম্প্রতি উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত হয়। অভিযোগ নিয়ে অবশ্য কোনো মন্তব্য করতে রাজি হননি গ্রাম পঞ্চায়েত প্রধান ইউসুফ আলি। তবে ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে, নিশা কার্জির পুকুর খনন নিয়ে অভিযোগ পেয়ে তদন্তে নেমেছে মহকুমা প্রশাসন। এদিকে, মঙ্গলবার শিশুঝুমরা গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের সামনে বিক্ষোভ শেষে গ্রাম পঞ্চায়েত প্রধান জয়ন্তী বর্মনের হাতে স্মারকলিপি তুলে দেন বিজেপির ১৬ নম্বর মণ্ডলের সাধারণ সম্পাদক রাহুল লোহার, যুব মোর্চার ১৬ নম্বর মণ্ডল সভাপতি কিরণ রৌতিয়া প্রমুখ। বিজেপির অভিযোগ, শৌচাগার, প্রধানমন্ত্রী আবাস যোজনা, একশো দিনের কাজ সহ নানা প্রকল্পে দুর্নীতি হচ্ছে শিশুঝুমরা গ্রাম পঞ্চায়েতে। কোনো কোনো প্রকল্প অর্ধসমাপ্তই আছে দীর্ঘদিন ধরে। আইএসজিপি প্রকল্প সহ বিভিন্ন খাতে আসা লক্ষ লক্ষ টাকার হদিস মিলছে না।

এ প্রসঙ্গে শিশুঝুমরা গ্রাম পঞ্চায়েতের প্রধান জয়ন্তী বর্মন বলেন, দুর্নীতির প্রশ্নই নেই। বিজেপির পক্ষ থেকে কিছু হিসাবপত্র চাওয়া হয়েছিল। ওদের হিসাব বুঝিয়ে দেওয়া হয়েছে। একশো দিনের কাজের টাকা সরাসরি শ্রমিকদের ব্যাংক অ্যাকাউন্টে জমা পড়ে। টাকা পেতে দেরি হলে গ্রাম পঞ্চায়েতের কিছু করার নেই। আবাস যোজনার ঘরের টাকাও সরাসরি উপভোক্তাদের ব্যাংক অ্যাকাউন্টে জমা পড়ে। এক্ষেত্রেও দুর্নীতির অভিযোগ ভিত্তিহীন। গ্রাম পঞ্চায়েতের ১৮টি পার্টের মধ্যে ৯টি পার্টে আইএসজিপি প্রকল্পে কংক্রিটের রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে। বাকি ৯টি পার্টে কাজ মঞ্জুর হয়েছে। ওই পার্টগুলিতে খুব শীঘ্রই আইএসজিপি প্রকল্পে কংক্রিটের রাস্তা নির্মাণের কাজ শুরু হবে। জয়ন্তীদেবীর পালটা অভিযোগ, ভোট এগিয়ে আসায় ফায়দা তোলার জন্য নোংরা রাজনীতি করছে বিজেপি।

কাজ শুরু হয়নি, শোকজ

মাদারিহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ ২০১৭-এর সেপ্টেম্বর মাসে মাদারিহাট গ্রাম পঞ্চায়েত থেকে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য প্রায় ৪০ লাখ টাকার টেন্ডার হয়। প্রধান সানি ওরাওঁ জানান, দীর্ঘ প্রায় ছয় মাস পার হতে চললেও আজও সিংহভাগ ঠিকাদার তাঁদের কাজ শুরুই করেননি। যার ফলে উন্নয়নমূলক কাজগুলি মুখ থুবড়ে পড়ে রয়েছে। যারজন্য জবাবদিহি করতে হচ্ছে সাধারণ মানুষের কাছে। অবশেষে এইসব ঠিকাদারদের শোকজ করা হয়েছে বলে প্রধান জানান। মঙ্গলবার তাঁদের হাতে নোটিশ ধরানো হয়েছে। তিনদিনের মধ্যে জবাব চাওয়া হয়েছে। সদুত্তর না পেলে ওই ঠিকাদারদের প্রয়োজনে কালো তালিকাভুক্ত করা হবে বলে জানান তিনি। প্রধান জানান, এই তালিকায় পাঁচজন রয়েছেন। এদের মধ্যে আপাতত দুজনকে মঙ্গলবার শোকজ নোটিশ ধরানো হয়েছে। বাকি তিনজনকেও দ্রুত নোটিশ ধরানো হবে। এই পাঁচজন বাদে কয়েকজন রয়েছেন যাঁরা ঢিমেতালে কাজ করছেন। তাঁদেরও দ্রুত কাজ শেষ করার কথা জানানো হয়েছে। নাহলে তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

হস্টেলের উদ্‌বোধন

জটেশ্বর, ১৩ ফেব্রুয়ারি ঃ নতুন বয়েজ হস্টেলের উদ্‌বোধন হল জটেশ্বর উচ্চবিদ্যালয়ে। মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে এই হস্টেলটির উদ্‌বোধন করেন ফালাকাটার বিধায়ক অনিল অধিকারী। স্কুল সূত্রে খবর, অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তরের অর্থানুকূল্যে প্রায় এক বছর আগে প্রায় ৫৫ লক্ষ টাকা ব্যয়ে এই হস্টেলটি নির্মাণের কাজ শুরু হয়। নির্মাণকাজ বেশকিছুদিন আগেই সমাপ্ত হয়। মঙ্গলবার নবনির্মিত হস্টেলটির উদ্‌বোধন করা হয়। জানা গিয়েছে, তপশিলি উপজাতির ২০ জন ছাত্র এখানে থাকতে পারবে। এ বিষয়ে ফালাকাটার বিধায়ক অনিল অধিকারী বলেন, 'প্রত্যন্ত এলাকার মেধাবী ছাত্রদের কথা মাথায় রেখে এই হস্টেলটি নির্মাণ করা হয়েছে। জটেশ্বর উচ্চবিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি তুষার ঘোষদস্তিদার, আলিপুরদুয়ারের জেলাপরিষদ সদস্যা শুক্লাব্রহ্ম ঘোষ, জটেশ্বর উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক জীবনকুমার পাল প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

তৃণমূলে যোগ

কালচিনি, ১৩ ফেব্রুয়ারি ঃ মঙ্গলবার কালচিনির একটি ধর্মশালায় বিজেপি যুব মোর্চার ৯ নম্বর কমিটির সভাপতি শম্ভু নিরোলা সহ যুব মোর্চার একাধিক নেতা তৃণমূলে যোগদান করলেন। এছাড়া তৃণমূলে যোগদান করেন বিজেপির যুব মোর্চার ৯ নম্বর মণ্ডল কমিটির কার্যকরী সভাপতি দীপেশ সূত্রধর, সাধারণ সম্পাদক নবীন বিশ্বকর্মা। তাঁদের স্বাগত জানান তৃণমূলের আলিপুরদুয়ার জেলা সভাপতি মোহন শর্মা, দলের কালচিনি ব্লক সভাপতি অসীম মজুমদার, কালচিনি পঞ্চায়েত সমিতির সহসভাপতি কালিদাস মুখোপাধ্যায় প্রমুখ।

রক্তদান শিবির

কামাখ্যাগুড়ি, ১৩ ফেব্রুয়ারি ঃ শ্রাদ্ধ বাড়িতে রক্তদান শিবির করে নজির গড়লেন কামাখ্যাগুড়ির বিশিষ্ট সমাজকর্মী তথা পেশায় ঠেলাচালক শ্যামাপ্রসাদ দত্তরায়। মঙ্গলবার নিজের প্রয়াত ভাইপো রঞ্জন দত্তরায়ের শ্রাদ্ধানুষ্ঠান উপলক্ষ্যে নিজের বাড়িতে রক্তদান শিবিরের আয়োজন করলেন শ্যামাবাবু। তাঁর এই কর্মযজ্ঞের সাক্ষী হতে এদিন শ্যামাপ্রসাদ দত্তরায়ের বাড়িতে উপস্থিত হয়েছিলেন কামাখ্যাগুড়ি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান দুলাল দে, কামাখ্যাগুড়ি সোশ্যাল ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সম্পাদক অনিরুদ্ধ বিশ্বাস সহ অন্যরা।

তৃণমূলে যোগ নিয়ে বিতর্ক

আলিপুরদুয়ার, ১৩ ফেব্রুয়ারি ঃ সদ্য তৃণমূল যোগ দেওয়া কুমারগ্রামের নেতা বীরেন দাসকে নিয়ে রাজনৈতিক মহলে বিতর্ক ছড়িয়েছে। বুধবার আলিপুরদুয়ারের প্রেস কর্ণারে সাংবাদিক বৈঠক করে কুমারগ্রামের আরএসপির জোনাল সম্পাদক দীপক দাস দাবি করেছেন, ২০১২ সালেই বীরেন দাস আরএসপি ছেড়ে তৃণমূলে যোগদান করেছেন। নতুন করে যোগ দেওয়ার কোনো প্রশ্নই ওঠে না। ২০১২ সালে উনি আরএসপির ব্রাঞ্চ সম্পাদক থাকাকালীন দল ছাড়েন। এরপর আরএসপির কুমারগ্রামের ব্রাঞ্চ সম্পাদকের দায়িত্ব ২০১৪ পর্যন্ত সামলেছিলেন তরুণকুমার দাস। তারপর থেকে এখনও পর্যন্ত আরএসপির ব্রাঞ্চ সম্পাদকের দায়িত্বে আছেন শ্যামল দাস। ফলে ২০১২ সালের পর থেকে বীরেন দাস আরএসপি দলে নেই। প্রসঙ্গত, মঙ্গলবার তৃণমূলের জেলা কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে বীরেনবাবু সহ কুমারগ্রামের অনেকেই তৃণমূলে যোগদান করেন। এই খবর চাউর হওয়ার পরই আরএসপির তরফে দীপক দাস ওই বিবৃতি দিয়েছেন।

যদিও তৃণমূলের জেলা সহসভাপতি তথা কুমারগ্রামের স্থানীয় নেতা প্রেমানন্দ দাস জানান, 'আরএসপির দাবি ভিত্তিহীন। ২০১২ সালে বীরেনবাবু একবার দল ছাড়লেও ফের আরএসপিতে যোগদান করেন।'

পুজোর আয়োজন

শালকুমারহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ শিব-পার্বতীর পুজো দিয়ে শিবরাত্রি উদ্‌যাপনে শামিল হলেন গ্রামবাসীরা। মঙ্গলবার প্রথামাফিক আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের উত্তর কামসিং গ্রামের মহিলারা নদী থেকে কলশিতে জল ভরে এনে শিবলিঙ্গকে স্নান করান। এরপর ঠাকুরের থানে পুজো দেওয়া হয়। পাশাপাশি, এদিন সারারাত নামসংকীর্তনের মধ্যে দিয়ে শিবরাত্রির জাগরণও হবে বলে জানা গিয়েছে। উত্তর কামসিং ও দশাই লাইনের যৌথ উদ্যোগে এই শিবরাত্রি উৎসবের আয়োজন করা হয়েছে। এবারে এই শিবরাত্রি উৎসব চতুর্থ বর্ষে পদার্পণ করল বলে জানিয়েছেন ক্লাবের সভাপতি অনিল ওরাওঁ এবং সম্পাদক প্রদীপকুমার দাস।

ছক্কা হাঁকিয়ে
২০ লাখ ছাড়িয়ে

উত্তরবঙ্গ সংবাদের পাঠক সংখ্যা
এই প্রথম ২০ লাখ অতিক্রম করল

Indian Readership Survey-এর সমীক্ষা অনুসারে ২০১৭ সালে উত্তরবঙ্গ সংবাদের গড় দৈনিক পাঠক সংখ্যা ২০.০৭ লাখ